

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৬৮৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - করমর্দন ও আলিঙ্গন

আরবী

وَعَنْ أَيُّوبَ بْنِ بُشَيْرٍ عَنْ رَجُلٍ مِنْ عَزَّةَ أَنَّهُ قَالَ: قُلْتُ لِأَبِي ذَرٍّ: هَلْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَافِحُكُمْ إِذَا لَقَيْتُمُوهُ؟ قَالَ: مَا لَقَيْتُهُ قَطُّ إِلَّا صَافَحَنِي وَبَعَثَ إِلَيَّ ذَاتَ يَوْمٍ وَلَمْ أَكُنْ فِي أَهْلِي فَلَمَّا جِئْتُ أُخْبِرْتُ فَأَتَيْتُهُ وَهُوَ عَلَى سَرِيرٍ فَالْتَزَمَنِي فَكَانَتْ تِلْكَ أَجُودَ وَأَجُودَ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৬৮৩-[৭] আইয়ুব ইবনু বুশায়র (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি 'আনাযাহ্ গোত্রের এক ব্যক্তি হতে বর্ণনা করেন আমি একদিন আবু যার গিফারী (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, তোমরা যখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সাক্ষাৎ করতে, তখন কি তিনি তোমাদের সাথে করমর্দন করতেন? আবু যার বললেনঃ আমি যখনই তাঁর সাথে সাক্ষাৎ করেছি, তখনই তিনি আমার সাথে করমর্দন করেছেন। একদিন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে ডেকে পাঠালেন, তখন আমি বাড়িতে ছিলাম না। যখনই বাড়িতে এলাম, আমাকে সংবাদ দেয়া হলো। আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হলাম, তখন তিনি একটি খাটের উপর বসা ছিলেন। তিনি আমার সাথে আলিঙ্গন করলেন। আর এ আলিঙ্গন ছিল অতি উত্তম, অতি উত্তম। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] য'ঈফ : আবু দাউদ ৫২১৪, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৬৩০, আহমাদ ২১৪৭৬, 'বায়হাকী'র কুবরা ১৩৯৫৬, শু'আবুল ঈমান ৮৯৫৯।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে “আনাযাহ্” গোত্রের একজন অপরিচিত লোক আছে যার পরিচয় জানা যায় না। তুহফাতুল আহওয়াযী ৭/৪৩৪ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (عَلَى سَرِيرٍ) ইবনুল মালিক (রহিমাহুল্লাহ) বলেনঃ কখনো খাট سرير বলতে রাজত্ব ও নি‘আমাতকে বুঝানো হয়। এখানে سرير বা খাট বলতে নুবুওয়াতের রাজত্ব ও এর নি‘আমাত উদ্দেশ্য। কেউ বলেন, এ খাট ছিল খেজুর কাঠের যা মদীনাবাসী এবং মিসরের লোকেরা ঘুমানোর জন্য এবং পোকা-মাকড় থেকে রক্ষা পাওয়ার জন্য তৈরি করে থাকে। (فَكَانَتْ تِلْكَ أَجْوَدَ) অর্থাৎ এ আলিঙ্গন ছিল মুসাফাহার চাইতে মনোতৃপ্তি এবং হাতের জন্য অধিক আরামদায়ক। (‘আওনুল মা‘বুদ ৮ম খন্ড, হাঃ ৫২০৫)

ফিতনার ভয় না থাকলে সফর ছাড়াও কোলাকুলি বৈধতার জন্য কেউ এ হাদীসকে দলীল হিসেবে গ্রহণ করেছেন। তবে এর উত্তরে বলা যায় যে, আবু যার সফর থেকে এসেছিলেন, তার স্পষ্ট প্রমাণ হলো যে, তিনি বলেছেন لم اكن في اهلي অর্থাৎ আমি আমার পরিবারের নিকট ছিলাম না।

(মিশকাতুল মাসাবীহ- বোম্বায় ছাপা, ৪র্থ খন্ড, ২৮ পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আইয়ুব ইবনু বুশায়র (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75407>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন